বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৮-২৭৪

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৫
০৩ মে ২০১৮

# পরিপত্র-১১

**বিষয়ঃ গাজীপুর সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচিতদের বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ**

উপর্যুক্ত বিষয়ে গাজীপুর সিটি কর্পোরেশন ও খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলি সংগ্রহের জন্য নির্বাচন কমিশনের কতিপয় নির্দেশনা অবহিত করা হলো।

০২। **বেসরকারি ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র স্থাপনঃ** ভোটগ্রহণের দিন প্রার্থীদের বেসরকারি ফলাফল ও অন্যান্য তথ্যাবলী নির্বাচন কমিশন সচিবালয় হতে সংগ্রহ করা হবে। এই ফলাফল ও অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি **"কেন্দ্রীয় তথ্য/ফলাফল সংগ্রহ কেন্দ্র"** স্থাপন করা হবে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়েও একটি **"তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** থাকবে। রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থাপিত **"তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র"** হতে সর্বশেষ নির্বাচনি বেসরকারি প্রাথমিক ফলাফল ও অন্যান্য তথ্যাবলী না পাওয়া পর্যন্ত নির্বাচন কমিশন সচিবালয়ের **"কেন্দ্রীয় তথ্য/ ফলাফল সংগ্রহ কেন্দ্র"** বিরতিহীনভাবে খোলা থাকবে। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার ভোটকেন্দ্র হতে প্রাপ্ত ফলাফল অনুসারে বিধি মোতাবেক স্থানীয়ভাবে ফলাফল প্রস্তুত ও পরিবেশন ও প্রচার করবেন। নির্বাচন কমিশন সচিবালয় কোন ফলাফল পরিবেশন করবে না। রিটার্নিং অফিসার ফলাফল স্থানীয়ভাবে প্রকাশের পর তা নির্বাচন কমিশন সচিবালয়ে নির্ধারিত ইন্টারনাল একাউন্ট, ফ্যাক্স ও RMS software এর মাধ্যমে প্রেরণ করতে হবে। স্থানীয়ভাবে প্রকাশের পর প্রত্যেক প্রার্থীর বিপরীতে প্রাপ্ত ভোট উল্লেখ করে (পরিশিষ্ট-'ক-গ' অনুসারে) নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। নির্বাচন কমিশন সচিবালয় হতে মেয়র পদে ক্রমপুঞ্জীভুত ফলাফলের একাধিক বার্তা সংগ্রহ করা হবে। সংরক্ষিত আসনের কাউন্সিলর বা সাধারণ আসনের কাউন্সিলর পদে ক্রমপুঞ্জীভুত ফলাফলের একাধিক বার্তা সংগ্রহ করা হবে না। সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে শুধু বেসরকারি ভাবে নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রাপ্ত ভোট সংখ্যা সম্বলিত বার্তা সংগ্রহ করা হবে। বেসরকারী ফলাফল প্রেরণ বা প্রচারের সময় অত্যন্ত সতর্ক দৃষ্টি রাখতে হবে যাতে কোন অবস্থাতেই ভুল তথ্য পরিবেশিত না হয়।

০৩। **রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে অননুমোদিত ব্যক্তিগণের প্রবেশ নিষিদ্ধকরণঃ** রিটার্নিং অফিসারের তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে কার্যক্রম গ্রহণের পূর্বেই এর চতুর্পাশ্বে এবং প্রবেশ পথে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং প্রয়োজনীয় পুলিশ, র‍্যাব, আর্মড ব্যাটালিয়ন দ্বারা ঘেরাও করে রাখার ব্যবস্থা করতে হবে। তথ্য/ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্রে অনুমোদিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাউকেও প্রবেশ করতে দেয়া যাবে না।

০৪। **রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক ভোট গণনার বিবরণী অর্থাৎ ফলাফল টাংগিয়ে প্রদর্শনঃ** প্রিজাইডিং অফিসারের নিকট হতে ভোট গণনার বিবরণী অর্থাৎ ফলাফল প্রাপ্তির পর রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার উপস্থিত প্রার্থী অথবা এজেন্টদের সম্মুখে সেই ভোটকেন্দ্রের ফলাফল পড়ে শোনাবেন এবং সম্ভব হলে এক প্রস্থ (মাস্টার কপি ছাড়া) ভোট গণনার বিবরণী তাঁর কার্যালয়ের প্রদশনী বোর্ডে অথবা দেয়ালে টাঙ্গিয়ে প্রকাশ করবেন।

অঃপৃঃদ্রঃ

F:\AR.DAS ELECTION\City Corpuration-2018\Poripotra\PORIPATRA-11.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৫। **নির্বাচন কমিশন সচিবালয়ে বেসরকারি প্রাথমিক ফলাফল সংগ্রহঃ** প্রিজাইডিং অফিসারের নিকট হতে ভোটগণনার বিবরণী প্রাপ্তির সাথে সাথে বেসরকারি প্রাথমিক নির্বাচনি ফলাফল একীভূত (Compile) করে নির্ধারিত নমুনায় বর্তাশীট প্রস্তুত করবেন। রিটার্নিং অফিসারকে বার্তা সিটে স্বাক্ষর করে নির্বাচন কমিশন সচিবালয়ের ইণ্টারনাল সাইডে বা সংশ্লিষ্ট কর্মকর্তাকে ই-মেইল বা ফ্যাক্সে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, ইন্ট্রানেট, ফ্যাক্স বা RMS যোগে বার্তা প্রেরণের আগে বা পরে টেলিফোনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নিশ্চিত করতে হবে।

০৬। **বেসরকারী ফলাফল প্রেরণের টেলিফোন, ফ্যাক্স ও ইমেইলঃ** মেয়র পদের বেসরকারি প্রাথমিক ফলাফল টেলিফোন/ই-মেইল/ফ্যাক্সের/ইণ্টারনাল একাউণ্টে (sas_emc1) এর মাধ্যমে এতদসঙ্গে সংযোজিত **পরিশিষ্ট -'ক'** ছকের বিবরণী অনুসারে জানাতে হবে। মেয়র পদের সর্বশেষ ফলাফল পরিবেশনের পর **পরিশিষ্ট-'খ'** ছকের মাধ্যমে সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং **পরিশিষ্ট-'গ'** ছকের মাধ্যমে সাধারণ আসনের কাউন্সিলর পদে বেসরকারিভাবে নির্বাচিত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ফলাফল নির্বাচন কমিশন সচিবালয়ে ই-মেইল বা ফ্যাক্সযোগে বা ইণ্টারনাল একাউণ্টে (sas_emc1) এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সংরক্ষিত ও সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীদের মধ্যে কেবলমাত্র বেসরকারিভাবে নির্বাচিত এবং নিকটতম প্রতিদ্বন্দ্বীর ফলাফল প্রেরণ করতে হবে যা নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক প্রদর্শন করা হবে। নির্বাচন কমিশন সচিবালয়ের যে টেলিফোন নম্বরে উল্লিখিত ফলাফল সংগ্রহ করা হবে তা **সংলগ্নী-১** এ সংযুক্ত করা হল। ফ্যাক্স নম্বর তথ্য সংগ্রহকারী কর্মকর্তার নিকট হতে জেনে সেই নম্বরে প্রেরণ করতে হবে।

০৭। **Result Management System(RMS) এর মাধ্যমে ফলাফল প্রেরণঃ** নির্বাচনি ফলাফল সংক্রান্ত তথ্য Result Management System (RMS) এর মাধ্যমে প্রেরণ বাধ্যতামূলক। উল্লিখিত পদ্ধতিতে ফলাফল প্রেরণের প্রক্রিয়া সম্পর্কে আইসিটি অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে বিস্তারিত জেনে নিতে হবে।

০৮। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

৩/৫/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
ও
রিটার্নিং অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
ও
রিটার্নিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৮-২৭৪ তারিখঃ ২০ বৈশাখ ১৪২৫ / ০৩ মে ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা/খুলনা রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. পরিচালক, যুগ্মসচিব (চঃদাঃ), জনসংযোগ অধিশাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. জেলা প্রশাসক, গাজীপুর/খুলনা
১৭. পুলিশ সুপার, গাজীপুর/খুলনা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,....................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. জেলা নির্বাচন অফিসার, .........................(সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর/খুলনা
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,.........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা.........................(সংশ্লিষ্ট) থানা।

০৮.০৫.১৮

(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
০১৮১৭৬৭৫১৭৩ (মোবাইল)
E-mail: forhadhossain_ecs@yahoo.com

পরিশিষ্ট-'ক'

....................... সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

# মেয়র পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং-**

সিটি কর্পোরেশনের নামঃ ....... **সিটি কর্পোরেশন** মোট ভোটারের সংখ্যাঃ

ভোটগ্রহণের তারিখঃ **১৫ মে ২০১৮** মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী মেয়র প্রার্থীর নাম (বাংলা ভাষার বর্ণানুক্রমে) | রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| **মোট** | | | | | |

| | | |
|---|---|---|
| মোট বৈধ ভোটের সংখ্যাঃ | | |
| অবৈধ (বাতিলকৃত) ভোটের সংখ্যাঃ | | |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যাঃ | | |
| ভোট প্রদানের শতকরা হারঃ | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম: নাম:

পদবি: পদবি:

সময়:

F:\AR.DAS ELECTION\City Corpuration-2018\Poripotra\PORIPATRA-11.doc

পরিশিষ্ট-'খ'

.............. সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

# সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

সিটি কর্পোরেশনের নামঃ ....... **সিটি কর্পোরেশন** মোট ভোটারের সংখ্যাঃ

ভোটগ্রহণের তারিখঃ **১৫ মে ২০১৮** মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সংরক্ষিত আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'গ'

.............. সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

# সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

বার্তা নং- চূড়ান্ত

সিটি কর্পোরেশনের নামঃ ....... **সিটি কর্পোরেশন**

ভোটগ্রহণের তারিখঃ **১৫ মে ২০১৮**

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | ১ম ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| ১ | ২ |

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

F:\AR DAS ELECTION\City Corpuration-2018\Poripotra\PORIPATRA-11.doc

সংলগ্নী-১

................ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮ উপলক্ষে বেসরকারি প্রাথমিক ফলাফল সম্পর্কিত তথ্যাবলী সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহায়কদের নাম, পদবি ও টেলিফোন/ফ্যাক্স/ Internal account সম্বলিত তথ্য

| ক্রম নং | যে পদের তথ্য সংগৃহিত হবে | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা /কর্মচারীর নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | | ব্যবহৃত টেলিফোন নম্বর | ব্যবহৃত ফ্যাক্স/ internal account |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| ০১ | **মেয়র,** সংরক্ষিত ও সাধারণ আসনের কাউন্সিলর | ০১ | মোঃ ফরহাদ হোসেন<br>উপসচিব (চলতি দায়িত্ব) | ০২-৫৫০০৭৫৫৮ | sas_emc1<br>০২-৫৫০০৭৫৫৮ |
| | | ০২ | মোঃ মিজানুর রহমান<br>সিনিয়র সহকারী সচিব | ০২-৫৫০০৭৫৬৫ | |
| | | ০৩ | মোহাম্মদ আশফাকুর রহমান<br>সহকারী সচিব | ০২-৫৫০০৭৫৫৯ | |
| | | ০৪ | অরবিন্দ দাশ<br>প্রশাসনিক কর্মকর্তা | | |
| | | ০৫ | মোহাম্মদ আবদুল বারিক<br>প্রশাসনিক কর্মকর্তা | | |
| | | ০৬ | নাদিরুজ্জামান<br>প্রশাসনিক কর্মকর্তা | | |
| | | ০৭ | মো: আশরাফুজ্জামান<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ০৮ | মোঃ হাবীবুল্লাহ<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ০৯ | মুহাম্মাদ আমজাদ হোসাইন<br>অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | |
| | | ১০ | মোঃ দেলোয়ার হোসেন<br>অফিস সহায়ক | | |
| | | ১১ | আল আমিন<br>অফিস সহায়ক | | |